

## কারিগরি শিক্ষাবোর্ডে

পাস ৫১.৪৪

দুয়ারের রিপোর্ট

ঢাকা কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে চলতি ২০০৫ সালে অনুষ্ঠিত এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় শতকরা ৫১.৪৪ ভাগ ছাত্রছাত্রী উত্তীর্ণ হয়েছে। এর পাস : পুঁজা ১৯ ; কলাম ১

### পাস : কারিগরি

(১৩ পৃষ্ঠার পর)

মধ্যে ছাত্র শতকরা ৫২.১৫ ভাগ এবং ছাত্রী ৪৯.৭৮ ভাগ। উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্যে মোট ৪ জন জিপিএ-৫ পেয়েছে। তাদের মধ্যে ছাত্রী একজন। এবার পাসের হার ২০০৪ সালের তুলনায় শতকরা দশমিক ২৮ হ্রাস বেশি।

চলতি বছর ৪৬৬ কেন্দ্রে অনুষ্ঠিত পরীক্ষায় মোট ২২৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এ বছর মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৩৫ হাজার ৭৭৯ জন। এর মধ্যে ছাত্রের সংখ্যা ২৫ হাজার ১৪ এবং ছাত্রীর সংখ্যা ১০ হাজার ৭৬৫ জন। জিপিএ-৫ পেয়েছে ৪ জন। তাদের মধ্যে কম্পিউটার বিভাগের ২ জন, জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস ও উচ্চ ওয়ার্কিং অ্যান্ড কেবিনেট মেজিং বিভাগের একজন করে ২ জন। জিপিএ স্নাতক ৪ থেকে ৫-এর মধ্যে পেয়েছে ৩৪৫ জন ছাত্রছাত্রী। এর মধ্যে ২৪৭ জন ছাত্র এবং ৯৮ জন ছাত্রী। জিপিএ ৪ থেকে স্নাতক ৪-এর মধ্যে পেয়েছে ৩ হাজার ১৩২ জন ছাত্রছাত্রী। তাদের মধ্যে ছাত্র ২ হাজার ১১২ জন এবং ছাত্রী ৯৬০ জন। জিপিএ-৩ থেকে ৪-এর মধ্যে পেয়েছে ১২ হাজার ৭৯৫ জন ছাত্রছাত্রী। এর মধ্যে ৮ হাজার ৯৮৮ জন ছাত্র এবং ৩ হাজার ৮০৭ জন ছাত্রী। জিপিএ-২ থেকে ৩ পেয়েছে ২ হাজার ১২১ জন ছাত্রছাত্রী। এর মধ্যে ১ হাজার ৬৩১ জন ছাত্র এবং ৪৯০ জন ছাত্রী। জিপিএ-১ থেকে ২ পেয়েছে মোট ৬ জন ছাত্রছাত্রী। এদের মধ্যে ৩ জন ছাত্র এবং ৩ জন ছাত্রী।

চলতি সালের এসএসসি ভোকেশনাল পরীক্ষায় যে ৪ জন পরীক্ষার্থী জিপিএ-৫ পেয়েছে তারা হল- নওশাহীপুর হায়পারার মৌলভিকান্দিন আদর্শ পাবলিক হাইস্কুল অ্যান্ড কলেজের ছাত্রী শারমিন সুলতানা, রোল-৪২৭৫০১, কুলনা টেকনিক্যাল ট্রেনিং সেন্টারের ছাত্র জাফরুল হক, রোল-২২৮২০৫, ঢাকাইল বেলারডেট মোসাইন বহুমুখী উচ্চ বিদ্যালয়ের ছাত্র গৌশাম শাহরিয়ার, রোল- ৪৩৬০১৮ ও ফেনীর ফাজিলপুর ডিগ্রি উচ্চ বিদ্যালয় হাইস্কুলের ছাত্র মেসোয়ার হোসেন, রোল- ৬২১৫০৪।